যায়যায়দিন

তারিখ 6 MAY 2009
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# বাকৃবির ভিসি রেজিস্ট্রার এক ঘণ্টা অবরুদ্ধ : ভাংচুর

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) স্নাতক শ্রেণীর সেমিস্টার ফাইনাল পরীক্ষার সময়সূচিতে আগের নিয়ম বহাল রাখা এবং নতুন সময়সূচি বাতিলের দাবিতে মঙ্গলবার কৃষি অনুষদের লেভেল-৩, সেমিস্টার-১-এর শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের নিচতলা ভাংচুর করেছে। শিক্ষার্থীদের সঙ্গে মতপার্থক্যের জের ধরে প্রশাসনিক ভবনে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, রেজিস্ট্রার, কৃষি অনুষদের ডিনসহ দুই শতাধিক কর্মকর্তা-কর্মচারী এ সময় এক ঘণ্টা অবরুদ্ধ থাকেন। শিক্ষার্থীরা জানায়, কয়েকদিন আগে তারা শ্রেণী শিক্ষকদের মাধ্যমে জানতে পারে কৃষি অনুষদের সেমিস্টার ফাইনাল পরীক্ষার সময়সূচিতে আগের নিয়ম পরিবর্তন করার চিন্তাভাবনা করা হচ্ছে। নতুন নিয়মে শিক্ষার্থীরা পরীক্ষা প্রস্তুতিমূলক সময় (প্রিপারেটরি লিভ-পিএল) ১৫ ডিসি : পৃষ্ঠা ১৫ কলাম ৪

## ভিসি : অবরুদ্ধ

(শেষ পৃষ্ঠার পর)

দিনের জায়গায় ৮ দিন এবং একই সেমিস্টারের দুই পরীক্ষার মধ্যবর্তী সময় ৩ দিনের পরিবর্তে ২ দিন দেয়া হবে। এ খবরে বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের লেভেল-৩, সেমিস্টার-২-এর বিক্ষুব্ধ শিক্ষার্থীরা মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় প্রশাসনিক ভাবনের নিচতলায় কৃষি অনুষদের ডিনের কার্যালয়ে ডিন অধ্যাপক ড. এম এ হালিম খানের সঙ্গে দেখা করে নতুন নিয়মের প্রতিবাদ ও তা বাতিলের দাবি জানায়। এক পর্যায়ে ডিনের সঙ্গে শিক্ষার্থীদের মতপার্থক্য হলে এবং ডিন শিক্ষার্থীদের সঙ্গে দুর্ব্যবহার করলে তারা বিক্ষুব্ধ হয়ে প্রশাসনিক ভবনের নিচতলার দরজা-জানালা ভাংচুর করে। পরে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের মূল ফটক তালাবদ্ধ করে প্রশাসনিক ভবন অবরুদ্ধ করে রাখে। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ সাত্তার মণ্ডল, রেজিস্ট্রার নজিবুর রহমান ও কৃষি অনুষদের ডিনসহ শতাধিক প্রশাসনিক কর্মচারী-কর্মকর্তা অবরুদ্ধ হয়ে পড়েন।